



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৩৪

রমজানে পাবনা বিএসটিআই কর্তৃক ৫ লক্ষ সাড়ে ৪৩ হাজার টাকা জরিমানা

রাজশাহী, ১০ চৈত্র (২৪ মার্চ) :

পবিত্র রমজান উপলক্ষে পাবনা ও সিরাজগঞ্জ জেলায় বিএসটিআই'র মোট ২৩টি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

উক্ত অভিযানগুলোতে ২৪টি প্রতিষ্ঠানকে বিবিধ অপরাধে বিএসটিআই সংশ্লিষ্ট আইনে মোট ৫ লক্ষ সাড়ে ৪৩ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়াও অবৈধভাবে উৎপাদিত অনুমোদনহীন বিপুল পরিমাণ পণ্য ও পণ্য তৈরির উপাদান ধ্বংস করা হয়। উক্ত অভিযান সমন্বয় করেন সহকারী পরিচালক (মেট্রোলজি) মো. আজিজুল হাকিম, সহকারী পরিচালক (সিএম) শহিদুল ইসলাম এবং অন্যান্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ।

জনস্বার্থে এ ধরনের অভিযান চলমান থাকবে মর্মে পাবনার বিএসটিআই আঞ্চলিক কার্যালয় হতে জানানো হয়।

.....

তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১০.০০ঘ